

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০১.১২৮.১৭.০২

তারিখঃ ১৭ পৌষ ১৪৩১
০১ জানুয়ারি ২০২৫

বিষয় : কারণ দর্শানোর নোটিশ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ সেলিম হোসেন সুরক্ষা সেবা বিভাগের সাবেক সিনিয়র সচিব জনাব মোঃ মশিউর রহমান, এনডিসি'র ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন। আপনার ০৩.০৯.২০২৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ০৯.০৯.২০২৪ তারিখের ১৪৩২ নম্বর পত্রমূলে ৩০ (ত্রিশ) দিনের বহিঃবাংলাদেশ ছুটি (অর্জিত) মঞ্জুর করা হয়। আপনি আপনার স্ত্রীর পাশে থাকার জন্য ১৫.০৯.২০২৪ তারিখে মার্কিন যুক্তরাষ্ট্রে গমন করেন। আপনার মঞ্জুরকৃত ছুটি ১৫.১০.২০২৪ তারিখ শেষ হয়। আপনি আপনার শারীরিক অসুস্থতাজনিত কারণে এবং ডাক্তারের পরামর্শ মোতাবেক মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির মেয়াদ ০১ (এক) বছর বৃদ্ধির জন্য ১০.১০.২০২৪ তারিখে ই-মেইলযোগে সিনিয়র সচিব মহোদয়কে সম্বোধনপূর্বক একটি আবেদন দাখিল করেন। আপনি ১৫.১০.২০২৪ তারিখ হতে অদ্যাবধি (০১.০১.২০২৫ তারিখ পর্যন্ত) মোট ৭৯ (উনআশি) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন।

২। আপনি জনাব মোঃ সেলিম হোসেন, ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ এর অনুকূলে মঞ্জুরকৃত ৩০ (ত্রিশ) দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি ১৫.১০.২০২৪ তারিখ শেষ হওয়ার পর হতে অদ্যাবধি (১৫.১০.২০২৪ তারিখ হতে ০১.০১.২০২৫ তারিখ পর্যন্ত মোট ৭৯ (উনআশি) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক পলায়ন (desertion) অপরাধের শামিল এবং বিধি ৪ এর (৫)(ঘ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।

৩। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) এবং বিধি ৪ এর ৫(ঘ) অনুযায়ী আপনার বিরুদ্ধে কেন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব সেলিম হোসেন
ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
(স্থায়ী ঠিকানা : মোঃ সেলিম হোসেন, পিতা-মোঃ আতাপ হোসেন চৌধুরী,
গ্রাম-তিয়রবিলা, পোঃ আইলহাস লক্ষীপুর
থানা-আলমডাঙ্গা, জেলা-চুয়াডাঙ্গা।
Present Address- Md Selim Hossen, 43-70, Kissena BLVD, Apt-21E
Flushing, New York, NY 11355, United State of America
Phone: +8801819296065, E-mail: selim.mrpnny@gmail.com)

আবেদা আফসারী
উপসচিব
ফোনঃ ০২-৪৭১২৪৩৩৭
ইমেইলঃ admin1@ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০১.১২৮.১৭.০২/১(৪)

তারিখঃ ১৭ পৌষ ১৪৩১
০১ জানুয়ারি ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ২। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

আবেদা আফসারী
উপসচিব